

জয়পুরহাট সরকারি কলেজ, জয়পুরহাট

ফোন নং : ০৫৭১-৬২৪৩০, ফ্যাক্স নং : ০৫৭১-৫১১৫২, ই-মেইল: prin_jgc_joy@yahoo.com, ওয়েবসাইট: www.jgcbd.edu.bd

স্মারক নং-জসক/...../১৬

তারিখ: ২২/৫/১৬

জয়পুরহাট সরকারি কলেজে ২০১৬-২০১৭ শিক্ষাবর্ষে একাদশ শ্রেণিতে অনলাইনে এবং SMS এর মাধ্যমে

ভর্তি বিজ্ঞপ্তি

সংশ্লিষ্ট সকলকে জানানো যাচ্ছে যে, এ কলেজে ২০১৬-২০১৭ শিক্ষাবর্ষে একাদশ শ্রেণিতে অনলাইনে এবং SMS এর মাধ্যমে ভর্তির আবেদন প্রক্রিয়া নিচের নির্দেশনা অনুযায়ী সম্পন্ন করতে হবে।

- ১। অনলাইনে এবং SMS এর মাধ্যমে ভর্তির আবেদন পাঠানোর তারিখ ২৬/০৫/২০১৬ হতে ০৯/০৬/২০১৬ পর্যন্ত।
- ২। অনলাইনে আবেদনের ক্ষেত্রে ১৫০/- (একশত পঞ্চাশ) টাকা আবেদন ফি টেলিটক সিমের মাধ্যমে জমা সাপক্ষে সর্বোচ্চ ১০টি কলেজ/সমমানের প্রতিষ্ঠানের আবেদন পছন্দক্রমে নিতে পারবে। অনলাইনে শুধুমাত্র একবারই আবেদন করতে পারবে।
অনলাইনে আবেদনের ঠিকানা: www.xiclassadmission.gov.bd
উল্লেখ্য যে, একজন শিক্ষার্থী যতগুলো কলেজে আবেদন করবে সব কলেজেই তার মেধাক্রম নির্ধারণ করা হবে।
- ৩। অন্যদিকে SMS এর ক্ষেত্রে শুধু টেলিটক সিমের মাধ্যমেই প্রতিটি কলেজ/সমমান প্রতিষ্ঠানের জন্য ভর্তির আবেদন ফি ১২০/- টাকা কর্তন হবে। সর্বাধিক ১০টি কলেজে আবেদন করা যাবে।
- ৪। যে কোন টেলিটক সিমের মাধ্যমে জয়পুরহাট সরকারি কলেজের EINN 121897 উল্লেখ করে SMS পাঠাতে হবে।

অনলাইনে ভর্তি আবেদনের যোগ্যতাঃ

* ২০১৪, ২০১৫ ও ২০১৬ সালে দেশের যে কোন শিক্ষা বোর্ড এবং বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়ের অধীনে ২০১৩, ২০১৪, ২০১৫, ২০১৬ সালে অনুষ্ঠিত এস.এস.সি বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ শিক্ষার্থীগণ ২০১৬-২০১৭ শিক্ষাবর্ষে এই নীতিমালার অন্যান্য বিধানাবলী সাপেক্ষে একাদশ শ্রেণিতে ভর্তির যোগ্য বিবেচিত হবে।

* ভর্তির জন্য একজন প্রার্থী নিম্নরূপ শাখা নির্বাচন করতে পারবে

- (ক) বিজ্ঞান শাখা হতে উত্তীর্ণ শিক্ষার্থী বিজ্ঞান, মানবিক ও ব্যবসায় শিক্ষা শাখার যে কোন একটি;
(খ) মানবিক শাখা হতে উত্তীর্ণ শিক্ষার্থী মানবিক ও ব্যবসায় শিক্ষা শাখার যে কোন একটি এবং
(গ) ব্যবসায় শিক্ষা শাখা হতে উত্তীর্ণ শিক্ষার্থী ব্যবসায় শিক্ষা ও মানবিক শাখার যে কোন একটি।

	ন্যূনতম জিপিএ(৪র্থ বিষয়সহ)	আসন সংখ্যা
ক। বিজ্ঞান শাখায় ভর্তির জন্য.....	৩.৫০	৬০০
খ। ব্যবসায় শিক্ষা শাখায় ভর্তির জন্য	৩.০০	৩০০
গ। মানবিক শাখায় ভর্তির জন্য.....	৩.০০	৩০০

ফলাফল প্রকাশঃ

টেলিটকে এসএমএস-র মাধ্যমে এবং রাজশাহী শিক্ষা বোর্ড ও জয়পুরহাট সরকারি কলেজের ওয়েবসাইটে নির্বাচিত ছাত্র-ছাত্রীদের ভর্তির ফলাফল ১৬/০৬/২০১৬ তারিখে জানা যাবে এবং ভর্তি সংক্রান্ত অন্যান্য তথ্য পরবর্তীতে জানানো হবে।

১২.৫.১৬

১২/৫/১৬

অধ্যক্ষ
জয়পুরহাট সরকারি কলেজ
জয়পুরহাট।

বিতরণঃ

- ১। উপাধ্যক্ষ, জয়পুরহাট সরকারি কলেজ, জয়পুরহাট।
- ২। সকল বিভাগীয় প্রধান, জয়পুরহাট সরকারি কলেজ, জয়পুরহাট।
- ৩। আহ্বায়ক, একাদশ ভর্তি কমিটি(২০১৬-১৭), জয়পুরহাট সরকারি কলেজ, জয়পুরহাট।
- ৪। প্রধান সহকারী/হিসাব রক্ষক/ক্যাশিয়ার, জয়পুরহাট সরকারি কলেজ, জয়পুরহাট।
- ৫। আইসিটি বিভাগ(ওয়েবসাইটে দেয়ার জন্য)
- ৬। নোটিশ বোর্ড
- ৭। অফিস নথি।